


কওমীর পাঠ্যবই

মুক্তিযুদ্ধের বিকৃত
ইতিহাসে
ভরা



★ সংস্কারের নামে খোলস পাল্টানো হলেও
অটুট রয়েছে বিকৃত ইতিহাস পড়ানোর
অপকৌশল ★ বিতর্কিত লেখকদের নাম
সরানো হলেও লেখা আগেরগুলোই
★ বঙ্গবন্ধুর নাম না থাকলেও 'স্বাধীনতার
ঘোষক' জিয়া পড়ছে শিক্ষার্থীরা ★ শিক্ষার্থীরা
ভুল আর বিকৃত ইতিহাস শিখছে

বিভাষ বাউড় । নিজেদের জামায়াতধর্মী
ও স্বাধীনতাবিরোধী চেহারা লুকাতে
সমালোচনার মুখে মুক্তিযুদ্ধের বিকৃত
ইতিহাস সংবলিত পাঠ্যবই 'সংস্কার'
করেছে কওমী মাদ্রাসা বোর্ড বেফাক।
তবে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠার সরাসরি
বিরোধিতাকারী পাঠ্যগ্রন্থ প্রণেতা ও
লেখকদের নাম সরিয়ে নিলেও বইয়ের
পাতায় পাতায় ঠিকই রাখা হয়েছে
জামায়াতী ভাবধারায় বানানো সেই
বিকৃত ইতিহাস। বিএনপি-জামায়াত
জোট ও হেফাজতের রাজনীতির সঙ্গে

থাকা বেফাক কর্তাব্যক্তির সরকার ও
মানুষকে বিভ্রান্ত করতে সংস্কারের নামে
মুক্তিযুদ্ধের বিকৃত ইতিহাস অটুট রাখার
অপকৌশল নিয়েছেন। বই ঘেঁটে দেখা
গেছে, বিতর্কিত সেই লেখকদের নাম
সরিয়ে নেয়া হলেও পাঠ্য বইগুলো
সরানো হয়নি। ফলে শিক্ষার্থীরা আগের
মতোই পড়বে জাতির জনক বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমানের পরিবর্তে
জিয়াউর রহমানই স্বাধীনতার ঘোষক।
বইয়ে আগের মতোই আছে বাংলাদেশ
ও মুক্তিযুদ্ধের (২ পৃষ্ঠা ১ কঃ দেখুন)